

নিরীক্ষা প্রত্যয়ন পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১২৮ অনুচ্ছেদ এবং ১৯৭৪ সালের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব) আইনের ৫ এবং ৬ ধারা (১৯৭৫ সালের সংশোধনী আইনসহ পঠিতব্য) অনুযায়ী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা ও চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ১৯৯৭-৯৮ এবং তৎপূর্ববর্তী কতিপয় সনের হিসাব পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক পরীক্ষা করা হইয়াছে। এতদ্ব্যতীত উক্ত প্রতিষ্ঠান সমূহের স্থানীয় নিরীক্ষা সংক্রান্ত পরিদর্শনের বর্তমান অবস্থা এবং গুরুতর আর্থিক অনিয়ম, ক্ষয়-ক্ষতি প্রভৃতি এই প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হইয়াছে। সংশ্লিষ্ট অডিট অধিদপ্তর উক্ত হিসাব সম্পর্কিত সকল তথ্যাদির ব্যাখ্যা যথাসম্ভব সংগ্রহ করিয়াছে এবং আমার জ্ঞান ও বিশ্বাস মতে আমি প্রত্যয়ন করিতেছি যে, নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত তথ্যাদি নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ।

ঢাকা,

তারিখ : ২৮-৯-২০০০ ইং,

১৩-৬-১৪০৭ বাং

(সৈয়দ ইউসুফ হোসেন)

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক,

বাংলাদেশ।